দৈনিক ইত্তেফাক

তারিখ 21 JUN 1987
পৃষ্ঠা 1 কলাম 5

645

## বেসরকারী স্কুলে ছাত্র বেতন বিনা অনুমতিতে বৃদ্ধি করা যাইবে না

—শিক্ষামন্ত্রী

বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, শিক্ষাখাতে সর্বাধিক বাজেট বরাদ্দের মাধ্যমে শিক্ষার বিস্তার ও উহার মানোন্নয়নে সরকার বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। ঢাকার খিলগাঁও মডেল হাই স্কুলের শিক্ষক, ছাত্র ও অভিভাবকদের উদ্দেশে বক্তৃতাকালে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

মন্ত্রী গতকাল (শনিবার) একথা বলেন। তিনি বলেন, দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিরাজমান বৈষম্য হ্রাসে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। শিক্ষামন্ত্রী অদূর ভবিষ্যতে দেশের শিক্ষা ব্যবস্থাপনা, শিক্ষা পদ্ধতি, শিক্ষক বেতন ও ছাত্রবেতনের বৈষম্য ক্রমান্বয়ে দূর করা হইবে বলিয়া আশ্বাস দেন। তিনি বলেন, বেসরকারী স্কুলের ছাত্রদের বেতন বৃদ্ধি করা হয় নাই এবং সরকারের বিনা অনুমতিতে কাহাকেও উহা বৃদ্ধি করিতে দেওয়া হইবে না।